

## শাংহাই-সি'আন রুটে ফ্লাইট পরিচালনা শুরু করেছে সি-৯১৯

- A Monitor Desk Report

Date: 10 March, 2024



শাংহাই: পঞ্চম সি-৯১৯ উড়োজাহাজ ইন্টারন্যাশনাল এয়ারলাইন্সে যুক্ত হওয়ার পর শুক্রবার (৮ মার্চ) থেকে নতুন করে শাংহাই-সি'আন রুটে ফ্লাইট পরিচালনা শুরু করেছে। এটি সি-৯১৯ উড়োজাহাজের তৃতীয় নিয়মিত ব্যবসায়িক রুট।

সকালে সি-৯১৯ উড়োজাহাজ ১৫০ জন যাত্রী নিয়ে শাংহাই হংছিয়াও বিমানবন্দর থেকে সি'আনের সিয়ান ইয়াং আন্তর্জাতিক বিমানবন্দরে যায়।

পরিকল্পনা অনুযায়ী ভবিষ্যতে প্রতিদিন একবার ফিরতি ফ্লাইটসহ শাংহাই-সি'আনের মধ্যে চলাচল করবে সি-৯১৯ উড়োজাহাজটি।

-B